উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড
কালুরঘাট ভারী শিল্প এলাকা,
চট্টগ্রাম।

# ডিলার নিয়োগের শর্তাবলী

১. একজন গ্লাস ব্যবসায়ী নিম্নোক্ত ৩ টি ক্যাটাগরীর মধ্যে যে কোন একটিতে আবেদন করতে পারবেনঃ-

ক) ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার নিরাপত্তা জামানতের বিপরীতে প্রতিমাসে ন্যুনতম ৩.০০ (তিন) লক্ষ টাকার কাঁচ উত্তোলন করলে প্রচলিত নিয়মে ৫% কমিশন (সাধারন কমিশন ৩% ও অতিরিক্ত কমিশন ২%) সহ এলাকাভিত্তিক নির্ধারিত ট্রাকভাড়া সাবসিডি প্রদান করা হবে।

খ) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নিরাপত্তা জামানতের বিপরীতে প্রতিমাসে ন্যুনতম ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার কাঁচ উত্তোলন করলে প্রচিলিত নিয়মে ৫% কমিশন (সাধারণ কমিশন ৩% এবং অতিরিক্ত কমিশন ২%)সহ এলাকাভিত্তিক নির্ধারিত ট্রাকভাড়া সাবসিডি প্রদান করা হবে।

গ) ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নিরাপত্তা জামানতের বিপরীতে প্রতিমাসে ন্যুনতম ১০.০০ (দশ) লক্ষ টাকার কাঁচ উত্তোলন করলে প্রচলিত নিয়েমে ৫% কমিশন (সাধারন কমিশন ৩% এবং অতিরিক্ত কমিশন ২%)সহ এলাকাভিত্তিক নির্ধারিত ট্রাকভাড়া সাবসিডি প্রদান করা হবে।

২. নিরাপত্তা জামানতের বিপরীতে কোন প্রকার সুদ প্রদান করা হবে না।

৩. কারখানার অভ্যন্তর হতে গ্লাস সরবরাহের পর, গ্লাস ভেঙ্গে যাওয়া, চুরি যাওয়া, নষ্ট হওয়া ইত্যাদির কারণে কোন ধরনের ক্ষতি হলে, এ ব্যাপারে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৪. নিরাপত্তা জামানতের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ডিলার-কাম-কমিশন্ড এজেন্টগণ পরপর ২ মাস অথবা বছরে ৩ মাস নির্ধারিত কোটার কাঁচ উত্তোলনে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হবে।

৫. ন্যুনতম সীমা পর্যন্ত গ্লাস উত্তোলনের জন্য ৩% সাধারন কমিশন প্রাপ্ত হবেন। ন্যুনতম সীমার অতিরিক্ত গ্লাস উত্তোলন করলে অতিরিক্ত আরো ২% কমিশন প্রদান করা হবে। তবে কমিশনের এ হার বাজার পরিস্থিতির আলোকে কোম্পানী বোর্ড সভার সিদ্ধান্ত ক্রমে হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

৬. বোর্ড কর্তৃক সময়ে সময়ে অনুমোদিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। বর্তমানে প্রদেয় ১% ব্রেকেজ কমিশন ও ট্রাক ভাড়া সাবসিডি অঞ্চল ভেদে বাজার পরিস্থিতির আলোকে কোম্পানী বোর্ডের সিদ্ধান্তক্রমে বাতিল/হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

৭. কর্পোরেশন/ ইউজিএসএফএল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের পণ্যসমূহ সরাসরি যেকোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত এবং বেসরকারী প্রতিষ্ঠানে বিক্রয় করার অধিকার সংরক্ষন করে।

৮. কর্পোরেশন/ ইউজিএসএফএল-এর সকল শর্ত, নিয়ম-কানুন ও নির্দেশনাসমূহ, যা সময়ে সময়ে কোম্পানী বোর্ড কর্তৃক অনুমোদিত যেমন শীট গ্লাসের মূল্য হ্রাস/ বৃদ্ধি, ক্রয় এবং বিক্রির সাথে আরোপিত শর্ত সমূহ ইত্যাদি ডিলারদের মেনে চলতে হবে ও সে অনুযায়ী কাজ করতে বাধ্য থাকবে।

৯. কোম্পানীর সাথে কমপক্ষে একবছর সন্তোষজনক ব্যবসা সম্পাদনের পর, দুই মাসের নোটিশ প্রদান পূর্বক, ডিলাররা তাদের ডিলারশীপ প্রত্যাহার পূর্বক জামানতের টাকা ফেরতের জন্য আবেদন করতে পারবেন।

১০. গ্লাস সরবরাহ নেয়ার জন্য ট্রাক/ পিক-আপ কারখানায় পাঠাতে হবে এবং গ্লাস গাড়ীতে লোডিং করার জন্য নির্ধারিত চার্জ প্রদান করতে হবে।

১১. আবেদন ফরমের সাথে ট্রেড লাইসেন্স, ইটিএন,এবং ব্যাংক সচ্ছলতার সনদপত্র প্রদান করতে হবে।

১২. ডিলার কাম কমিশন্ড এজেন্ট হিসেবে নিয়োগের জন্য কারখানা কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে

১৩. কারখানা কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন ডিলার-কাম-কমিশন্ড এজেন্ট এর ডিলারশীপ বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

(মোঃ আবু সাঈদ মিঞা)
উপ-ব্যবস্থাপক(প্রশাসন)